রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কৃষি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩২৯-আইন/২০২০।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা তুলা উন্নয়ন বোর্ড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) “পদ” অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) “শিক্ষানবিশ” অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; এবং

(ছ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” বা “স্বীকৃত ইনস্টিটিউট” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদের ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না :

তবে শর্ত থাকে যে—

(ক) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে; এবং

(খ) পরিচ্ছন্নতাকর্মী পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয় এবং তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) এবং নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকুরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩তম হইতে ১৬তম গ্রেডের কোনো পদ হইতে ১০ম হইতে ১২তম গ্রেডের কোনো পদে এবং ১০ম হইতে ১২তম গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকুরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **পদায়ন**।—এই আইনের বিধানাবলি সাপেক্ষে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কোনো ব্যক্তিকে তফসিল-১ এর ক্রমিক নং ৩৬ এ উল্লিখিত কটন ইউনিট অফিসার পদে সংশ্লিষ্ট পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়ন করিতে পারিবে।

৭। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকুরিতে যোগদানের তারিখ হইতে চাকুরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার এক বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকুরি স্থায়ী হইবে।

৮। **বিশেষ বিধান**।—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসেবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতাভুক্ত পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কমিশনের নির্ধারিত পরীক্ষা পদ্ধতি অনুসরণ করা হইবে এবং সেক্ষেত্রে তফসিলে বর্ণিত সরাসরি নিয়োগের বিধানাবলি কার্যকরী হইবে না।

৯। **রহিতকরণ ও হেফাজতকরণ**।—(১) তুলা উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৩, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত বিধিমালার অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | নির্বাহী পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | অতিরিক্ত পরিচালক বা মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে অন্যূন ২০ (বিশ) বৎসরের চাকুরি। |
| ২। | অতিরিক্ত পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | উপপরিচালক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরি। |
| ৩। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | (ক) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ তুলা গবেষণা সম্পর্কিত ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত দেশি ও বিদেশি (অন্যূন ৩(তিন)টি বিদেশি) জার্নালে অন্যূন ১০ (দশ)টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। |
| ৪। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | (ক) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সিনিয়র সাইন্টিফিক অফিসার (ব্রিডিং) বা সিনিয়র সাইন্টিফিক অফিসার (বোটানী) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ তুলা গবেষণা সম্পর্কিত ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত দেশি ও বিদেশি (অন্যূন ২(দুই)টি বিদেশি) জার্নালে অন্যূন ৬(ছয়)টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | উপপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, কীট পতঙ্গ বিশেষজ্ঞ, বীজ উৎপাদন বিশেষজ্ঞ, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, সিনিয়র সীড প্রোডাকশন অফিসার, সিনিয়র জিনিং অফিসার বা কটন এগ্রোনমিস্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি। |
| ৬। | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | তুলা উন্নয়ন কর্মকর্তা, ট্রেনিং অফিসার, সীড প্রোডাকশন অফিসার বা কারিগরি কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৭। | কীট পতঙ্গ বিশেষজ্ঞ | - | পদোন্নতির মাধ্যমে | তুলা উন্নয়ন কর্মকর্তা বা সীড প্রোডাকশন অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৮। | বীজ উৎপাদন বিশেষজ্ঞ | - | পদোন্নতির মাধ্যমে। | তুলা উন্নয়ন কর্মকর্তা বা সীড প্রোডাকশন অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৯। | মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ | - | পদোন্নতির মাধ্যমে | তুলা উন্নয়ন কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ১০। | কটন এগ্রোনমিস্ট | - | পদোন্নতির মাধ্যমে। | তুলা উন্নয়ন কর্মকর্তা, ট্রেনিং অফিসার, সীড প্রোডাকশন অফিসার বা কারিগরি কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ১১। | সিনিয়র সীড প্রোডাকশন অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | তুলা উন্নয়ন কর্মকর্তা, মার্কেটিং অফিসার, সীড প্রোডাকশন অফিসার বা বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ১২। | সিনিয়র জিনিং অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | তুলা উন্নয়ন কর্মকর্তা, মার্কেটিং অফিসার, সীড প্রোডাকশন অফিসার, বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা বা আঁশ প্রযুক্তিবিদ পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | (ক) বৈজ্ঞানিক কর্মকর্তা, কটন ব্রিডার, সহকারী কটন প্যাথলজিস্ট, সাইন্টিফিক অফিসার (এগ্রোনমি), সাইন্টিফিক অফিসার (ব্রিডিং) বা সাইন্টিফিক অফিসার (এন্টোমলজি) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত দেশি ও বিদেশি (অন্যূন ১(এক)টি বিদেশি) জার্নালে অন্যূন ৩(তিন)টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। |
| ১৪। | সিনিয়র সাইন্টিফিক অফিসার (ব্রিডিং) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) বৈজ্ঞানিক কর্মকর্তা, কটন ব্রিডার, সহকারী কটন প্যাথলজিস্ট, সাইন্টিফিক অফিসার (এগ্রোনমি), সাইন্টিফিক অফিসার (ব্রিডিং) বা সাইন্টিফিক অফিসার (এন্টোমলজি) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত দেশি ও বিদেশি (অন্যূন ১(এক)টি বিদেশি) জার্নালে অন্যূন ৩(তিন)টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। |
| ১৫। | সিনিয়র সাইন্টিফিক অফিসার (বোটানী) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) বৈজ্ঞানিক কর্মকর্তা, কটন ব্রিডার, সহকারী কটন প্যাথলজিস্ট, সাইন্টিফিক অফিসার (এগ্রোনমি), সাইন্টিফিক অফিসার (ব্রিডিং) বা সাইন্টিফিক অফিসার (এন্টোমলজি) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত দেশি ও বিদেশি (অন্যূন ১(এক)টি বিদেশি) জার্নালে অন্যূন ৩(তিন)টি পূর্ণমানের গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | তুলা উন্নয়ন কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি বা কটন ইউনিট অফিসার পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ১৭। | কারিগরি কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ১৮। | বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৩৩ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা, ফোরম্যান বা উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ১৯। | আঁশ প্রযুক্তিবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কটন টেস্টার পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে টেক্সটাইল বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০। | ট্রেনিং অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ২১। | মার্কেটিং অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি অর্থনীতি) বা বিএস (কৃষি অর্থনীতি) ডিগ্রি। |
| ২২। | সীড প্রোডাকশন অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ২৩। | সায়েন্টিফিক অফিসার (এগ্রোনমি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ২৪। | সায়েন্টিফিক অফিসার (ব্রিডিং) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ২৫। | সায়েন্টিফিক অফিসার (এন্টোমলজি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি অথবা এন্টোমলজিসহ প্রাণিবিদ্যায় ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। |
| ২৬। | কটন ব্রিডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ২৭। | সহকারী কটন প্যাথলজিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি; অথবা প্লান্ট প্যাথলজি বা প্যাথলজিসহ উদ্ভিদবিদ্যায় ২য় শ্রেণিতে স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৮। | বৈজ্ঞানিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা বিএস (কৃষি) ডিগ্রি। |
| ২৯। | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>প্রশাসনিক কর্মকর্তা বা ডাটা/এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩০। | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস তত্ত্বাবধায়ক, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা কেয়ার টেকার/প্রভোস্ট পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৩১। | সহকারী বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা | - | (ক) মোট পদের শতকরা ৭০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৩০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কটন ইউনিট অফিসার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি (কৃষি) বা উদ্ভিদবিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩২। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | |
| ৩৩। | ফোরম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে যন্ত্র প্রকৌশল বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি। |
| ৩৪। | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে যন্ত্র প্রকৌশল বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি। |
| ৩৫। | হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** হিসাবরক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে হিসাববিজ্ঞানসহ বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | কটন ইউনিট অফিসার | | স্টোর-কাম ফিল্ডম্যান বা সহকারী কটন ইউনিট অফিসার পদসমূহের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। | |
| ৩৭। | কটন টেস্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন টেক্সটাইল ডিগ্রি; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | বৈজ্ঞানিক সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৯। | ফার্ম ওভার শিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০। | ল্যাবরেটরী/ মাঠ সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪১। | স্টোর-কাম ফিল্ডম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪২। | সহকারী কটন ইউনিট অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩। | অফিস তত্ত্বাবধায়ক | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরি। |
| ৪৪। | হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | ক্যাশিয়ার বা হিসাব সহকারী পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরি। |
| ৪৫। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৬। | কেয়ারটেকার /প্রভোস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বাণিজ্যে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) তফসিল -২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৭। | উচ্চমান সহকারী | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৮। | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | |
| ৪৯। | উচ্চমান সহকারী কাম-হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | স্টোর-কিপার কাম-ক্যাশিয়ার, ক্যাশিয়ার বা হিসাব সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| ৫০। | জিনিং সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে | জিন মেকানিক বা জিন মেকানিক/ অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| ৫১। | অডিও ভিজুয়্যাল সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সরকার কর্তৃক স্বীকৃত কোনো কারিগরি প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫২। | ট্রাক চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্স: ভারী গাড়ি চালনায় বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(ঘ) তফসিল -৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৩। | ট্রাক/ট্রাক্টর চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্সঃ ভারী গাড়ি চালনায় বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(ঘ) তফসিল -৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৪। | পিকআপ/ পাওয়ার টিলার ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্সঃ ভারী গাড়ি চালনায় বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(ঘ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৫। | গাড়ি চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্স : হালকা গাড়ি চালনায় বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(ঘ) তফসিল -৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৬। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৭। | হিসাব সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) তফসিল -৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৮। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) তফসিল -৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৯। | গুদাম রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল -২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬০। | জিন মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোনো কারিগরি প্রতিষ্ঠান হইতে যান্ত্রিক বা বৈদ্যুতিক ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬১। | জিন মেকানিক/ অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোনো কারিগরি প্রতিষ্ঠান হইতে যান্ত্রিক বা বৈদ্যুতিক ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬২। | স্টোর কিপার-কাম-ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) তফসিল -৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৩। | পাম্প ড্রাইভার/ ফিটার | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৪। | ইলেকট্রিশিয়ান | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৫। | জীপ/পিকআপ চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্স : হালকা গাড়ি চালনায় বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(ঘ) তফসিল -৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৬। | পাম্প ড্রাইভার | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৭। | কার্পেন্টার | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৮। | ফটোকপি অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬৯। | ল্যাবরেটরী এটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে | ল্যাবরেটরী এটেনডেন্ট (২০তম গ্রেড) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |

| | | |
|---|---|---|
| ৭০। | পিকআপ/পাওয়ার টিলার অপারেটর হেলপার | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। |
| ৭১। | ল্যাবরেটরী এটেনডেন্ট | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। |
| ৭২। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ৭৩। | নিরাপত্তা প্রহরী | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। |
| ৭৪। | ক্যাটল কিপার | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। |
| ৭৫। | মালি | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। |
| ৭৬। | পরিচ্ছন্নতা কর্মী | পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourching) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। |

**তফসিল-২**

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

হিসাব রক্ষণ কর্মকর্তা, কটন টেস্টার, বৈজ্ঞানিক সহকারী, ফার্মওভারশিয়ার, ল্যাবরেটরী/মাঠ সহকারী, স্টোর-কাম ফিল্ডম্যান, সহকারী কটন ইউনিট অফিসার, কেয়ারটেকার/প্রভোস্ট, অডিও ভিজুয়্যাল সহকারী, গুদাম রক্ষক, জিন মেকানিক, জিন মেকানিক/অপারেটর পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক. | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ২৫ | ৯০ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজি | ২৫ | | | |
| | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ২০ | | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| খ. | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | | সর্বমোট নম্বর | ১০০ | | |

ব্যাখ্যা : লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

হিসাব সহকারী, ক্যাশিয়ার, স্টোর কিপার-কাম-ক্যাশিয়ার পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট : | ১০০ | | |

ব্যাখ্যা : (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৪**

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

ট্রাক চালক, ট্রাক/ট্রাক্টর চালক, পিকআপ/পাওয়ার টিলার ড্রাইভার, গাড়ি চালক, জীপ/পিকআপ চালক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি :

| ক্রমিক নম্বর | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | (ক) লিখিত পরীক্ষা | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| ১। | বাংলা | ১০ | | |
| ২। | ইংরেজি | ১০ | | |
| ৩। | গণিত | ১০ | | |
| ৪। | প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান | ১০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| সর্বমোট = ৫০ | | | | |

ব্যাখ্যা : (১) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মেসবাহুল ইসলাম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব) , বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd